# HSC পরীক্ষা ২০২২

বাংলা প্রথম পত্র [২০২২ সালের সিলেবাস অনুযায়ী] বিষয় কোড : 101

সেট: খ সময়: ২০ মিনিট পূর্ণমান - ১৫

তারিখ: ৬ নভেম্বর, ২০২২

**৩০টির মধ্যে ২৫টি কমন**

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

## HSC পরীক্ষা ২০২২ - এ অভিযাত্রী এবং ATM থেকে কমনসমূহ...

| | |
|---|---|
| ঢাকা বোর্ড | - ৩০ টির মধ্যে ২৫ টি হুবহু কমন। |
| রাজশাহী বোর্ড | - ৩০ টির মধ্যে ২৭ টি হুবহু কমন। |
| কুমিল-া বোর্ড | - ৩০ টির মধ্যে ২৭ টি হুবহু কমন। |
| চট্টগ্রাম বোর্ড | - ৩০ টির মধ্যে ২৬ টি হুবহু কমন। |
| সিলেট বোর্ড | - ৩০ টির মধ্যে ২৮ টি হুবহু কমন। |
| বরিশাল বোর্ড | - ৩০ টির মধ্যে ২৬ টি হুবহু কমন। |
| যশোর বোর্ড | - ৩০ টির মধ্যে ২৫ টি হুবহু কমন। |
| দিনাজপুর বোর্ড | - ৩০ টির মধ্যে ২৭ টি হুবহু কমন। |
| ময়মনসিংহ বোর্ড | - ৩০ টির মধ্যে ২৮ টি হুবহু কমন। |
| মাদ্রাসা বোর্ড | - ৩০ টির মধ্যে ২৫ টি হুবহু কমন। |

০১. তাজা তাজা প্রাণে অসহ্য ------ কী?
ক. কল্পনা খ. মন্ত্রণা
গ. বন্দনা ঘ. যন্ত্রণা উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮১*

০২. 'ফেব্রুয়ারি-১৯৬৯' কবিতায় কার মুখকে 'তরুণ শ্যামল পূর্ব বাংলার' সঙ্গে তুলনা করা হয়েছে?
ক. সালাম খ. রফিক
গ. বরকত ঘ. আজাদ উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৮*

০৩. ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ কোন কবির কবিতায় বিষয় হিসেবে বিশেষ প্রাধান্য পেয়েছে?
ক. কাজী নজরুল ইসলাম খ. আবু জাফর ওবায়দুল্লাহ
গ. জীবনানন্দ দাশ ঘ. সুফিয়া কামাল উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫০৪ (প্রশ্ন)*

০৪. কোন পঙ্ক্তিটি 'চিত্রকল্প' বা 'ইমেজ' - এর প্রকৃষ্ট উদাহরণ?
ক. তাহারেই পড়ে মনে, ভুলিতে পারিনা কোনো মতে
খ. মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে
গ. কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা
ঘ. আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে
উত্তর: গ

০৫. 'সে নিজের চারদিকের সকলের চেয়ে অধিক রজনীগন্ধার শুভ্র মঞ্জরীর মতো সরল বৃন্তটির উপরে দাঁড়াইয়া, যে গাছে ফুটিয়াছে সে গাছকে সে একেবারে অতিক্রম করিয়া উঠিয়েছে'- কে?
ক. বিলাসী খ. আহ্লাদী
গ. জমিলা ঘ. কল্যাণী উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩১৬ (প্রশ্ন ৩৯)*

০৬. 'অপরিচিতা' গল্পের শীর্ষ-মুহূর্ত (গ্রন্থিবন্ধন) কোনটি?
ক. শম্ভুনাথ সেনের কন্যা সম্প্রদানে অসম্মতির ক্ষণ
খ. ট্রেনে কল্যাণীর সাক্ষাৎলাভ মূহুর্ত
গ. সেকরা কর্তৃক গহনা পরীক্ষার মূহূর্ত
ঘ. গায়ে হলুদ মূহুর্ত উত্তর: ক

❑ উদ্দীপক: মরণরে তুঁহু মম শ্যাম সমান।

০৭. উদ্দীপকের সাথে সংগতিপূর্ণ চরিত্র কোনটি?
ক. মৃত্যুঞ্জয় খ. বিলাসী
গ. ন্যাড়া ঘ. ন্যাড়ার আত্মীয়া উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩২৩; বিলাসী স্বেচ্ছামৃত্যুর পথ বেছে নিয়েছে।*

০৮. উক্ত চরিত্রের স্বেচ্ছায় মৃত্যুকে আলিঙ্গন করার প্রকৃত কারণ কোনটি?
ক. ধর্ম খ. সমাজ
গ. প্রেম ঘ. ঘৃণা উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩২৩*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩ পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

০৯. 'আমি তোমাকে দেখবার জন্য ব্যস্ত হয়ে পড়েছিলাম'- উক্তিটি কার?
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ. শেখ হাসিনা গ. শেখ কামাল
ঘ. শেখ ফজিলাতুন্নেছা মুজিব উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৩ (১৯ নং)*

১০. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি লেখকের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
ক. মানবতন্ত্র খ. রাঙাপ্রভাত
গ. মাটির পৃথিবী ঘ. চৌচির উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২*

❑ নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:
অন্ন চাই, প্রাণ চাই, আলো চাই, চাই মুক্ত বায়ু,
চাই বল, চাই স্বাস্থ্য, আনন্দ-উজ্জ্বল পরমায়ু,
সাহসবিস্তৃত বক্ষপট। এ দৈন্য - মাঝারে, কবি,
একবার নিয়ে এসো স্বর্গ হতে বিশ্বাসের ছবি।

১১. উদ্দীপকের আলোকে লালসালু উপন্যাসের প্রাণময় এবং সাহসী চরিত্র কোনটি?
ক. আক্কাস খ. রহিমা
গ. জমিলা ঘ. তাহের-কাদেরের পিতা উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৮*

১২. উক্ত চরিত্র সৃষ্টিতে লেখকের মূল উদ্দেশ্য হলো-
i. নির্জীব ধর্মতন্ত্রের বিরুদ্ধে পদাঘাত ও সজীব প্রাণধর্মের জাগরণ
ii. শেকড় গাড়া কুসংস্কার, অন্ধবিশ্বাস ও ভীতির সঙ্গে সুস্থ ও মুক্ত জীবনাকাঙ্ক্ষার দ্বন্দ্ব
iii. ধর্ম ব্যবসায়ী মজিদের অস্তিত্ব সংকট ও সংকটের একটি মানবীয় দ্বন্দ্বময় রূপ সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i ও ii
গ. iii ঘ. i, ii ও iii উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৮ 'প্রাণধর্মের সহজ প্রকাশে'র প্রতীক নারীচরিত্র - জমিলা। পৃষ্ঠা ৬৫৬ বিষয়বস্তু - যুগ-যুগ ধরে শেকড়গাড়া কুসংস্কার, অন্ধবিশ্বাস ও ভীতির সঙ্গে সুস্থ জীবনাকাঙ্ক্ষার দ্বন্দ্ব।*

১৩. সিরাজের কোন অমাত্য নিরীশ্বরবাদী জৈন ধর্মের অনুসারী ছিলেন?
ক. জগৎ শেঠ খ. মিরন
গ. উমিচাঁদ ঘ. রাজা রাজবল্লভ উত্তর: ক

১৪. কখন জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয় -
i. শাসকরা যখন শোষক হয়
ii. স্বৈরাচার যখন জেঁকে বসে
iii. আমলাতন্ত্রের দৌরাত্ম্য যখন বেড়ে যায়
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭০*

১৫. 'রেইনকোট' গল্পে রেইনকোটটির মাধ্যমে ব্যঞ্জনাময় প্রকাশ ঘটেছে -
ক. মুক্তিযুদ্ধ ও সংগ্রাম খ. পাক বাহিনীর অত্যাচার
গ. উষ্ণতা, সাহস ও দেশপ্রেম
ঘ. মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭৮*

১৬. তোমার দাড়ি কই মিঞা? কার প্রসঙ্গে বলা হয়েছে?
ক. মজিদ খ. আক্কাস
গ. মোদাব্বের মিঞা ঘ. ধলামিঞা উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৭*

১৭. ১৯৭২ সালে কার উদ্যোগে কাজী নজরুল ইসলামকে সপরিবারে স্বাধীন বাংলাদেশে এনে নাগরিকত্ব ও জাতীয় কবির স্বীকৃতি দেওয়া হয়?
ক. প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদ
খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. স্বরাষ্ট্রমন্ত্রী এএইচএম কামরুজ্জামান
ঘ. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উত্তর: ঘ

১৮. তোমার পঠিত কোন কবিতাটি সংলাপনির্ভর?
ক. সুচেতনা খ. তাহারেই পড়ে মনে
গ. বিদ্রোহী ঘ. প্রতিদান উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৪*

❑ নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও: যা রুপিবে তাই পবে, সংসার যে কর্মভূমি!

১৯. উদ্দীপকের অন্তর্নিহিত তাৎপর্যের সঙ্গে সংগতিপূর্ণ পঙ্‌ক্তি কোনটি?
ক. একখানি ছোট খেত, আমি একেলা -
খ. এখন আমারে লহো করুণা করে।।
গ. আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
ঘ. যত চাও তত লও তরণী-পরে। উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩২ (কবিতার ব্যাখ্যায়)*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

২০. উক্ত সংগতির বিপরীতে 'সোনার তরী' কবিতার অন্তর্নিহিত দর্শনটি হলো -
i. পৃথিবীতে ভালো কাজের জন্য ফল পাওয়া যায়
ii. মহাকাল মানুষের কর্মকে গ্রহণ করে মানুষকে নয়
iii. মানুষ নশ্বর তার কর্ম অবিনশ্বর
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩৭ এর ৪, ৫, ৬ নং প্রশ্ন*

২১. 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন।' উক্তিটিতে প্রকাশ পেয়েছে -
ক. ভাবালুতা খ. মর্ত্যচেতনা
গ. ইহলৌকিকতা খ. সমকাল নিয়ে হতাশা উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫২৫ (কবিতার ব্যাখ্যায়)*

২২. জীবনানন্দ দাশের কবি চেতনায় 'সুচেতনা' হলো-
i. এক চেতনানিহিত আরাধ্য নারী-সত্তা
ii. এক শুভচেতনা
iii. জীবন্মুক্তি এক চেতনা যা পৃথিবীর মানুষকে জীবন্ময় করে রাখে
নিচের কোনটি সঠিক?
ক. ii ও ii খ. ii
গ. ii ও iii ঘ. i ও iii উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫২৪, ৫২৫*

২৩. যে মোরে দিয়েছে বিষে-ভরা বাণ,
আমি দেই তারে বুকভরা গান; এখানে 'বিষে ভরা বাণ' কী অর্থ জ্ঞাপন করেছে?
ক. কটুকথা গ. মন্ত্র
খ. তীর ঘ. শর উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৫*

২৪. দেশের যারা শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি – তা দূর করতে কী প্রয়োজন?
ক. আগুনের ঝান্ডা খ. স্পষ্টকথা বলা
গ. আত্মনির্ভরতা ঘ. আগুনের সম্মার্জনা উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৪*

২৫. 'আমার পথ' প্রবন্ধে স্পষ্টকথা বলা প্রসঙ্গে নজরুল নিজেকে কার সঙ্গে তুলনা করেছে?
ক. আগুনের ঝান্ডা খ. কর্ণধার
গ. গান্ধীজি ঘ. অভিশাপ রথের সারথি উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৮ (প্রশ্ন ৩০)*

২৬. মুসলিস সাহিত্য সমাজের অন্যতম প্রতিষ্ঠাতা আবুল ফজল কোন যুগান্তকারী আন্দোলনের সাথে সরাসরি যুক্ত ছিলেন?
ক. বুদ্ধির মুক্তি আন্দোলন খ. ভাষা আন্দোলন
গ. উনসত্তরের গণঅভ্যুত্থান ঘ. একাত্তরের মুক্তিযুদ্ধ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬০৬* উত্তর: ক

২৭. বিজ্ঞানের অভাবনীয় আবিষ্কারকে ধ্বংসের পরিবর্তে সৃজনশীল মানবিক কর্মে নিয়োগ করা যায় - একমাত্র কার সাহায্যে?
ক. মুক্ত বুদ্ধি খ. মুক্ত বিচার বুদ্ধি
গ. সদিচ্ছা ঘ. সুবুদ্ধি উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫৬ (প্রশ্ন ০৮)*

❑ **উদ্দীপক:** ভরসা হলো, আর দামাতে পারবেনা। বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে উপায় নাই। এই আন্দোলনে দেশের লোক সাড়া দিয়েছে ও এগিয়ে এসেছে। জনমত সৃষ্টি হয়েছে, জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়?

২৮. উদ্দীপকের আলোকে পলাশী যুদ্ধে পরাজয়ের পর কে জনমত গঠনের মাধ্যমে প্রতিরোধের শেষ চেষ্টা করেছিলেন -
ক. মোহনলাল খ. নারান সিং
গ. সিরাজউদ্দৌলা ঘ. মির কাশিম উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৯৪ (প্রশ্ন ৫৯ এর প্রশ্নই উত্তর)*

২৯. উক্ত জনমত গঠনে ব্যর্থ হওয়ার মূল কারণ কী ছিল -
ক. যোগ্য নেতৃত্বের অভাব
খ. দেশপ্রেম ও সংঘচেতনার অভাব
গ. অস্ত্রের অভাব
ঘ. সৈনিকের অভাব উত্তর: ঘ

৩০. 'মাঝখানে গুটিসুটি হয়ে বসে আছে অল্পবয়সী একটি বৌ' - বৌটি কে?
ক. জমিলা খ. রহিমা
গ. অহ্লাদী ঘ. বিলাসী উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৮ (প্রশ্ন ৫৭)*

*কমন উত্তরগুলো নেওয়া হয়েছে অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ জানুয়ারি ২০২২ থেকে।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩ পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

# HSC পরীক্ষা ২০২২

বাংলা প্রথম পত্র [২০২২ সালের সিলেবাস অনুযায়ী] বিষয় কোড : 101

সেট: খ সময়: ২০ মিনিট পূর্ণমান - ১৫

তারিখ: ৬ নভেম্বর, ২০২২

**৩০টির মধ্যে ২৭টি কমন**

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

**০১. শরৎচন্দ্রের প্রথম মুদ্রিত রচনা কোনটি?**

ক. মন্দির খ. চরিত্রহীন

গ. দেনাপাওনা ঘ. পল্লি-সমাজ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬০৩*

**০২. "যে গাছে সে ফুটিয়াছে সে গাছকে সে একেবারে অতিক্রম করিয়া উঠিয়াছে।" এই বর্ণনায় কল্যাণীর কোন বিশেষ দিকের কথা বলা হয়েছে?**

ক. সাজসজ্জা খ. মার্জিত সুরুচি

গ. সৌন্দর্য ঘ. উদাসীনতা উত্তর: খ

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

"ভাঙ্গা ঘর, ফাঁকা ভিটেতে জমেছে নির্জনতার কালো,
হে মহামানব, এখানে শুকনো পাতায় আগুন জ্বালো।"

**০৩. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ পঙ্ক্তি কোনটি?**

ক. এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী

খ. আমি মানি না কো কোন আইন

গ. বলবীর-বল উন্নত মম শির!

ঘ. আমি উন্মন মন উদাসীর উত্তর: গ

**০৪. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন ভাবের প্রকাশ ঘটেছে?**

ক. মহানুভবতার অনিন্দ্য প্রকাশ

খ. বিপ্লবী চেতনার অবসায়নের আহ্বান

গ. অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান

ঘ. রাজশক্তিকে সতর্কবার্তা প্রদান উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৯; কবিতাটিতে কবি বিশেষভাবে ইঙ্গিত করেছেন- অত্যাচারীর অত্যাচার অবসানের ধ্বনিত আওয়াজ।*

**০৫. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?**

ক. মাত্রাবৃত্ত খ. অক্ষরবৃত্ত

গ. সমিল প্রবাহমান অক্ষরবৃত্ত

ঘ. যতি স্বাধীন-অক্ষরবৃত্ত উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩৩*

**০৬. 'প্রতিদান' কবিতায় 'প্রতিদান' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**

ক. অনিষ্টকারীকে ক্ষমা প্রদান

খ. বাসযোগ্য, সুন্দর পৃথিবী নির্মাণ

গ. অনিষ্টকারীকে শাস্তি প্রদান

ঘ. অপকারীর উপকার উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৪*

**০৭. 'মানবকল্যাণ' প্রবন্ধ অনুসারে সত্যিকারের মানবকল্যাণ হল-**

i. মহৎ চিন্তা-ভাবনারই ফসল

ii. ভিক্ষুককে ভিক্ষা প্রদান

iii. গভীর মূল্যবোধের উৎসারণ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫৪; মহৎ চিন্তা-ভাবনারই ফসল - সত্যিকার মানব কল্যাণ। গভীর মূল্যবোধেরই উৎসারণ - "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?"*

**০৮. 'একটা জিপ উড়াইয়া দিছে, কমপক্ষে পাঁচটা খানসেনা খতম।' তথ্যটি 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের মাধ্যমে জানা যায়?**

ক. লেখক খ. নুরুল হুদা

গ. আসমা ঘ. দোকানদার উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৮১*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

**০৯. ওপরওয়ালাদের নির্দেশে বঙ্গবন্ধুকে নারায়ণগঞ্জে কোথায় রাখা হয়েছিল?**
ক. জাহাজ ঘাটে খ. পুলিশ ব্যারাকের ঘরে
গ. ভিক্টোরিয়া পার্কে ঘ. থানা হাজতে উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৯; রাতে জেল কর্তৃপক্ষ বন্দিদের গ্রহণ না করায় তাঁদের দুজনকে রাত কাটাতে হয়েছিল - সিপাহিদের ব্যারাকের বারান্দায়।*

**১০. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে?**
ক. নিজ বাসভূমে খ. বন্দি শিবির থেকে
গ. বিধ্বস্ত নীলিমা
ঘ. বুক তার বাংলাদেশের হৃদয় উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৯*

**১১. "এদেশের বুকে আঠারো আসুক নেমে।" পঙক্তিটিতে কবির কোন মনোভাবের প্রকাশ ঘটেছে?**
ক. তারুণ্য শক্তির জাগরণের প্রত্যাশা
খ. তারুণ্য শক্তির অপচয়ে হতাশা
গ. আঠারো বছর বয়সের বৈশিষ্ট্য
ঘ. দুর্বার গতিতে এগিয়ে চলা উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮১; কবিতার ব্যাখ্যায়।*

**১২. সুকান্ত ভট্টাচার্য আমৃত্যু কোন পত্রিকার সম্পাদক ছিলেন?**
ক. দৈনিক বাংলা খ. দৈনিক স্বাধীনতা
গ. পূর্বাশা ঘ. সবুজপত্র উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৪; ৫ নং।*

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:**
স্বাধীকার আন্দোলনের সময় এদেশের মানুষ, 'জয় বাংলা', বীরবাঙালি অস্ত্র ধর, বাংলাদেশ স্বাধীন কর' স্লোগানে শহর বন্দর-গ্রাম আন্দোলিত করে তোলে।

**১৩. 'বায়ান্নর দিনগুলো' রচনায় উল্লিখিত সাদৃশ্যপূর্ণ স্লোগানগুলো হলো-**
i. রাজবন্দিদের মুক্তি চাই
ii. পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা
iii. বাঙালিদের শোষণ করা চলবে না
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ
*ব্যাখ্যা: i. অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৫ এর ৪০ নং: iii. অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৭ এর ১১৪ নং।*

**১৪. উদ্দীপকে 'বায়ান্নর দিনগুলো' রচনার কোন চেতনা প্রকাশ পেয়েছে?**
ক. বিচারহীনতার প্রতিবাদ
খ. রাষ্ট্রভাষা বাংলা চাই
গ. রাজবন্দিদের মুক্তির আকাঙ্ক্ষা
ঘ. পরাধীনতা থেকে মুক্তি উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭২ এর ৩ নং: রাজবন্দিদের বিনা বিচারে আটক রাখার প্রতিবাদে তারা অনশন ধর্মঘট পালন করেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত যেকোনো পরিস্থিতিতে অনশন অব্যাহত রাখার সিদ্ধান্ত দৃঢ় নেন তারা। অথবা বোর্ড বইয়ের পাঠ-পরিচিতি পড়তে পারেন।*

**১৫. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী?**
ক. ঐতিহ্য খ. ইতিহাস
গ. সুনাম ঘ. জনশ্রুতি উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫০১*

**১৬. 'পুষ্পশূন্য দিগন্তের পথে' এর প্রতীকী তাৎপর্য কোনটি?**
ক. শীত প্রকৃতির রিক্ততা
খ. বসন্তের বিপরীত রূপ
গ. পত্রপুষ্পহীন আদিগন্ত পথ
ঘ. কবির মন জুড়ে থাকা প্রিয় হারানোর বেদনা উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৫ এর ঙ নং*

❑ **নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
"শুনি রাজা কহে, "বাপু জানো তো হে, করেছি বাগানখান পেলে দুই বিঘে প্রস্থে ও দিঘে সমান হইবে টানা - ওটা দিতে হবে।"

**১৭. উদ্দীপকের রাজার সাথে 'মাসি-পিসি' গল্পে সাদৃশ্য চরিত্র কোনটি?**
ক. ঘোষ মশায় খ. বিপিন
গ. জনাদ্দন ঘ. গোকুল উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৪ এর খ নং: 'মাসি-পিসি' গল্পে রাতের বেলা দুশ্চরিত্র ও লোভী প্রতিবেশী গোকুল আহ্লাদিকে তুলে নিতে কয়েক জন গুণ্ডা-বদমাশকে পাঠায়।*

**১৮. উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে?**
ক. দুর্বলের ওপর উৎপীড়ন
খ. অসহায়ের আক্ষেপ
গ. আধিপত্যবাদ ঘ. নীরব প্রতিবাদ উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৪ এর খ নং: 'মাসি-পিসি' গল্পে রাতের বেলা দুশ্চরিত্র ও লোভী প্রতিবেশী গোকুল আহ্লাদিকে তুলে নিতে কয়েক জন গুণ্ডা-বদমাশকে পাঠায়। যা দুর্বলের ওপর উৎপীড়ন প্রকাশ করে।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

## রাজশাহী বোর্ড



১৯. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে কীভাবে সত্যকে পাওয়া যায়?
ক. আত্মাকে চেনার মধ্য দিয়ে
খ. দাসত্ব হতে সম্পূর্ণ মুক্ত হয়ে
গ. ভুলের মধ্য দিয়ে গিয়ে
ঘ. আগুন সত্তা তৈরির মাধ্যমে উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৩*

❑ নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
"কে কবি–কবে কে মোরে? ঘটকালি করি, শবদে শবদে বিয়া দেয় যেই জন,"

২০. উদ্দীপকে বর্ণিত বিষয়ের সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার নিম্নোক্ত সাদৃশ্যপূর্ণ পঙ্‌ক্তি কোনটি?
ক. আমি কবি এবং কবিতার কথা বলছি
খ. আমরা কি তাঁর মতো কবিতার কথা বলতে পারবো
গ. সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
ঘ. জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কবিতা উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৯৭; কবিতার ব্যাখ্যায়।*

২১. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় উল্লিখিত কবির কাজ উদ্দীপকের কবির তুলনায় ভিন্নতর। নিচের কোনটিতে তা প্রকাশ পেয়েছে?
ক. কবিসৃষ্ট শব্দবন্ধ কবিতা
খ. স্বপ্নস্রষ্টা কবির কবিতা স্বপ্নদ্রষ্টা
গ. কবি অনিবার্য অভ্যুত্থানের কথা বলেন
ঘ. কবি স্বাধীনতার কথা বলেন উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৯৭; কবিতার ব্যাখ্যায়।*

২২. কবি জসীম উদ্‌দীন কত সালে জন্মগ্রহণ করেন?
ক. ১৮৯৯ খ. ১৯০৩
গ. ১৯৩৬ ঘ. ১৯০৫ উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৬১৩*

২৩. 'সোনার তরী' কবিতায় 'সোনার ধান' কীসের প্রতীক?
ক. মহাকাল খ. সমকাল
গ. সৃষ্টিকর্ম ঘ. কালস্রোত উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩৫*

২৪. "সোনার তরী" কবিতায় কবির আক্ষেপ নিচের কোন পঙ্‌ক্তিটিতে প্রকাশ পেয়েছে?
ক. আমারি সোনার ধানে গিয়েছে ভরি
খ. এখন আমারে লহো করুণা করে
গ. গগনে গরজে মেঘ ঘন বরষা
ঘ. যাহা ছিল নিয়ে গেল সোনার তরী উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪২ (প্রশ্ন ৭৮)*

২৫. গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম। 'সুনাম' কথাটা কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. সুনাম খ. অপমান
গ. কুখ্যাতি ঘ. দুর্নাম উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩২৫*

২৬. 'অপরিচিতা' গল্পে গল্প বলায় পটু কে?
ক. অনুপম খ. হরিশ
গ. মামা ঘ. বিনুদা উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩১০*

২৭. "তুমি কী হলফ কইরা বলতে পারো তোমার দিলে ময়লা নাই?" এ প্রশ্ন কে করেছে?
ক. মজিদ খ. বেপারি
গ. আমেনা বিবি ঘ. জমিলা উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৭*

২৮. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে-চোখ।" কাদের কথা বলা হয়েছে?
ক. যারা আল্লাহর ওপর ভরসা রাখে না
খ. যারা নাফরমানি করে
গ. ক্ষেতের প্রান্তে জড়ো হওয়া লোকজন
ঘ. মোদাচ্ছের পিরের মাজার বিশ্বাসী মানুষ উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৭১ এর খ নং; শিলাবৃষ্টির পর মজিদসহ মহব্বতনগরবাসী সম্পর্কে বলা হয়েছে বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ। মহব্বতনগরে শিলাবৃষ্টিতে ধানক্ষেত ধ্বংসস্তূপে পরিণত হয়েছিল। সেই ধানক্ষেত দেখে সবাই স্তব্ধ হয়ে দাঁড়িয়ে ছিল। তাদের দৃষ্টিতে কোনো ভাব বা উদ্দেশ্য ছিল না। মজিদ এই অবস্থা দেখে সকলকে খোদার ওপর বিশ্বাস রাখতে বলে। তখন সকলের দৃষ্টি দেখে মনে হয় যেন তাদের চোখ বিশ্বাসের পাথরে খোদাই করা।*

২৯. সিরাজকে হত্যা করতে মোহাম্মদি বেগ অগ্রিম বাবদ কত টাকা দাবি করে?
ক. পাঁচ হাজার খ. দশ হাজার
গ. পনেরো হাজার ঘ. বিশ হাজার উত্তর: ক

৩০. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব, লুৎফা।" – উক্তিটি কার?
ক. আমেনা বেগমের খ. ঘষেটি বেগমের
গ. মোহাম্মদি বেগের ঘ. সিরাজের উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৮৩*

*কমন উত্তরগুলো নেওয়া হয়েছে অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ জানুয়ারি ২০২২ থেকে।*



**অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩ পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...**

## কুমিল্লা বোর্ড



# HSC পরীক্ষা ২০২২

বাংলা প্রথম পত্র [২০২২ সালের সিলেবাস অনুযায়ী] বিষয় কোড : 101

সেট: ক সময়: ২০ মিনিট পূর্ণমান - ১৫

তারিখ: ৬ নভেম্বর, ২০২২

**৩০টির মধ্যে ২৭টি কমন**

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১ প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**০১. 'অপরিচিতা' গল্পে 'কল্যাণী' বিয়েতে কোন রঙের শাড়ি পরেছে বলে অনুপম কল্পনা করে?**

ক. হলুদ খ. বেগুনি
গ. নীল ঘ. লাল উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩২০ (প্রশ্ন ১৫২)*

**০২. আমার মতো অক্ষম দুনিয়ায় নাই। অনুপমের এই উক্তির মধ্যদিয়ে কী প্রকাশ পেয়েছে?**

i. অনুশোচনা ii. অসহায়ত্ব
iii. ক্ষোভ

নিচের কোনটি সঠিক?

ক. ii ও ii খ. i ও ii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ

**০৩. যে বস্তুটি এই অসাধ্য সাধন করিয়া তুলিয়াছিল তাহার পরিচয় যদিও সেদিন পাই নাই, কিন্তু আর একদিন পাইয়াছিলাম। এখানে 'বস্তুটি' বলতে 'বিলাসী' গল্পে কী বোঝানো হয়েছে?**

ক. মানবতা খ. প্রেম
গ. লৌকিকতা ঘ. সম্পদের লোভ উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪১ (প্রশ্ন ১৩৭ ভালোবাসা বা প্রেম)*

**০৪. 'বিলাসী' গল্পে কাকে গালিগালাজ করে দেশ উদ্ধারের কথা বলা হয়েছে?**

ক. সরকারকে খ. ব্রাহ্মণকে
গ. ইংরেজকে ঘ. ক্ষত্রিয়কে উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৩৩*

**০৫. আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর। পঙ্ক্তিতে কী বোঝানো হয়েছে?**

ক. ক্ষমাশীলতা খ. মানবপ্রীতি
গ. আন্তরিকতা ঘ. আত্মতুষ্টি উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৪*

**০৬. নিজেকে চিনলে, নিজের সত্যকেই নিজের কর্ণধার মনে জানলে নিজের শক্তির ওপর কী আসে?**

ক. আত্মনির্ভরতা খ. সক্রিয়তা
গ. অটুটবিশ্বাস ঘ. আগুনের সম্মার্জনা উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৩*

**০৭. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে ভুল জেনেও তাকে ঠিক বলে চালিয়ে দেবার কপটতা কিংবা জেদকে নজরুল কী বলেছেন?**

ক. দাম্ভিকতা খ. ভণ্ডামি
গ. অসংকোচ ঘ. উচ্ছ্বাস উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৪*

**০৮. নিচের কোন বিষয়ের সাথে মানব কল্যাণের গভীর সম্পর্ক রয়েছে?**

i. মর্যাদাবোধ ii. প্রচুর ধন-সম্পদ
iii. মানবিক চেতনার বিকাশ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২: মানব-কল্যাণ হলো- মানুষের স্বাভাবিক অধিকার আর মর্যাদার স্বীকৃতি। মানব-কল্যাণের সোপান - মানুষকে মানবিক-বৃত্তির বিকাশের পথেই বেড়ে উঠার যথাযথ ক্ষেত্র রচনা।*

**০৯. প্রাবন্ধিক আবুল ফজল কত সালে মানব কল্যাণ প্রবন্ধটি রচনা করেন?**

ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২*

**১০. 'বজ্জাত হোক, খুনি হোক, জামাই তো।' - 'মাসি-পিসি' গল্পে পিসির এই উক্তির মধ্যদিয়ে প্রকাশ পেয়েছে -**

ক. সামাজিকতা ও দায়িত্ববোধ
খ. মানবিকতা ও কল্যাণবোধ
গ. সৌজন্য ও আত্মীয়তা ঘ. চাতুর্য ও কৌশল উত্তর: ক

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**

'মুক্তিযোদ্ধা মেজর শামসুল আলম স্কুল এন্ড কলেজ' এর নবম শ্রেণির ছাত্রী লায়লা কিছু দুষ্ট লোকের অত্যাচারে স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। তার সহপাঠীরা এই সংবাদ পেয়ে তার বাড়িতে আসে। এখন তারা লায়লাকে সঙ্গে করে স্কুলে নিয়ে যায়। তাদের প্রত্যেকের হাতে থাকে বাঁশের লাঠি। কেউ আর এখন তার দিকে চোখ তুলে তাকায় না।



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

## কুমিল্লা বোর্ড



**১১. উদ্দীপকে দুষ্ট লোকদের সাথে কোন চরিত্রের মিল আছে?**

ক. রহমান খ. গোকুল
গ. জগু ঘ. কৈলাশ উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৪ (প্রশ্নোত্তর খ) দুশ্চরিত্র ও লোভী প্রতিবেশী গোকুল।*

**১২. উদ্দীপকের মূলভাবটি 'মাসি-পিসি' গল্পের কোন দিকটিকে প্রতিফলিত করে?**

ক. দায়িত্ববোধ ও বন্ধুত্ব খ. সামাজিকতা ও দায়িত্ববোধ
গ. ন্যায় ও কল্যাণ ঘ. ঐক্য ও সাহস উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬১ (৩ নং) 'মাসি-পিসি' গল্পের তাৎপর্যপূর্ণ দিক হলো - নারীর বুদ্ধিদীপ্ত ও সাহসী সংগ্রাম পরিচালনা।*

**১৩. সুকান্ত ভট্টাচার্য ফ্যাসিবাদী বিরোধী লেখক শিল্পী সংঘের পক্ষে কী কাব্যগ্রন্থ সম্পাদনা করেন?**

ক. মিঠেকড়া খ. হরতাল
গ. অভিযান ঘ. আকাল উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৬ (প্রশ্ন ৪৬)*

**১৪. বিপদের মুখে 'আঠারো বছর বয়স' কেমন?**

ক. সাহসী খ. ত্যাগী
গ. অগ্রণী ঘ. উদ্যোমী উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮১, ৪৮২*

❑ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

মালিক পক্ষের নিপীড়ন আর শোষণ বঞ্চনা বন্ধের দাবিতে 'হাওলাদার কটন মিল' এর শ্রমিকগণ আমরণ অনশন-ধর্মঘট শুরু করে। তাদের কথা - অত্যাচার ও শোষণের অবসান না হলে আমৃত্যু অনশন চালিয়ে যাবে।

**১৫. উদ্দীপকের মালিক পক্ষের সাথে 'বায়ান্নর দিনগুলো' রচনার কীসে মিল রয়েছে?**

ক. জেল কর্তৃপক্ষের খ. কারা পুলিশের
গ. পাকিস্তান সরকারের ঘ. জেলের কয়েদিদের উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭০*

**১৬. উদ্দীপকের মূলভাব 'বায়ান্নর দিনগুলো' রচনার কোন বাক্যে প্রতিফলিত হয়েছে?**

ক. অন্যায় অত্যাচার এর বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মরতে পারি, সে মরাতেও শান্তি আছে
খ. তাদের কথা হলো --- 'মরতে দেব না'।
গ. মুক্তি দিলে খাব, না দিলে খাব না।
ঘ. এভাবে মৃত্যুবরণ করে কি কোনো লাভ হবে? উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭০*

**১৭. 'পরপারে দেখি আঁকা তরুছায়া মসী-মাখা।' - 'মসী-মাখা' বলতে কী বোঝানো হয়েছে?**

ক. কালো রং দিয়ে মাখানো খ. অস্পষ্ট মহাকাল
গ. মসী দ্বারা অস্পষ্ট ঘ. মসী দ্বারা মাখা উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩১ (কবিতার ব্যাখ্যায়)*

❑ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**

শিক্ষক: বাংলাদেশের একটি নান্দনিক স্থাপত্যকর্মের নাম বল।
শিক্ষার্থীগণ: বাংলাদেশের জাতীয় সংসদ ভবন।
শিক্ষক: সংসদ ভবনের স্থপতি কে?
শিক্ষার্থীগণ: জানি না স্যার।
শিক্ষক: লুই আই কান। দেখ, তোমরা সৃষ্টিকে চেন, স্রষ্টাকে নয়।

**১৮. উদ্দীপকের লুই আই কান 'সোনার তরী' কবিতার কিসের সাথে তুল্য?**

ক. সোনার ফসল খ. কৃষক
গ. মহাকাল ঘ. ছোট খেত উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩৪; মহাকাল তাঁর সৃষ্টিকর্মকে গ্রহণ করলেও সেখানে তাঁর ঠাঁই নেই, যেমনটি দেখা যায় এ কবিতার কৃষকের ক্ষেত্রে।*

**১৯. উদ্দীপকের মর্মার্থ নিচের কোন চরণে প্রকাশ পেয়েছে?**

ক. একখানি ছোট খেত, আমি একেলা
খ. আমার সোনার ধানে গিয়েছে ভরি
গ. ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী
ঘ. শূন্য নদীর তীরে রহিনু পড়ি উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩৪; মহাকাল ব্যক্তি মানুষকে গ্রহণ করে না।*

**২০. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কে শূন্যে ফ্ল্যাগ তোলে?**

ক. বরকত খ. রফিক
গ. জব্বার ঘ. সালাম উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৮*

❑ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:**

আজ কবিতা উৎসব। দেশের প্রধান কবি হাসান বশির অনুষ্ঠানের প্রধান অতিথি। চারদিকে হৈ হৈ রব। এর মধ্যে খবর এলো হাসান বশিরের অতি আদরের এক নাতনি সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন। আয়োজকগণ অনুষ্ঠান স্থগিত করার প্রস্তুতি নিচ্ছেন। কিন্তু সবাইকে অবাক করে দিয়ে হাসান বশির অনুষ্ঠানে এসে উপস্থিত। মঞ্চে দাঁড়িয়ে তিনি বললেন, আমার নাতনি দুর্ঘটনা কবলিত হওয়ায় আমি গভীরভাবে শোকাহত। কিন্তু আমি চাই অনুষ্ঠানটি চলুক।



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

# কুমিল্লা বোর্ড



**২১. উদ্দীপকের আয়োজকগণ 'তাহারেই পড়ে মনে' কবিতার কার সাথে তুল্য?**

ক. কবি খ. কবি-ভক্ত

গ. বসন্তবরণ ঘ. ঋতুরাজ উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৫ 'তাহারেই পড়ে মনে' কবিতাটিতে বসন্তের প্রতি কবির নির্লিপ্ততার কথা বর্ণিত হলেও প্রিয়তম স্বামীর বিয়োগ-বেদনার যন্ত্রণাময় অনুভব তার মধ্যে রয়ে গেছে।*

**২২. উদ্দীপকের কবি হাসান বশির এবং 'তাহারেই পড়ে মনে' কবিতার কবি চিন্তা-চেতনায় প্রকাশ পেয়েছে—**

i. স্মৃতিকাতরতা ii. মানবমনের রহস্যময়তা

iii. বৈপরীত্য

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i,ii ও iii উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৫: প্রশ্ন ৪ এবং ৫*

**২৩. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার বৈশিষ্ট্য --**

i. দেশপ্রেম ii. গণজাগরণ

iii. সংগ্রামী চেতনা

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ২৮৪*

**২৪. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'জননীর আশীর্বাদ' কাকে দীর্ঘায়ু করবে?**

ক. যে গাভীর পরিচর্যা করে

খ. যে মৎস্য পালন করে

গ. যে লৌহ খণ্ডকে প্রজ্বলিত করে

ঘ. যে কর্ষণ করে উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৯৯*

❑ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

রাস্তায় কুড়িয়ে পাওয়া মিঠুকে এনে নিজের সন্তানের মত পড়ালেখা শেখায় নিয়াজের মা। বিয়ে দিয়ে সংসারও সাজিয়ে দেন তিনি। অথচ ব্যবসা সংক্রান্ত বিষয়ে সামান্য কথা কাটাকাটির জের ধরে নিয়াজকে নির্মমভাবে হত্যা করে মিঠু।

**২৫. উদ্দীপকে মিঠু চরিত্রটি নিচের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**

ক. মোহাম্মদি বেগ খ. মির জাফর

গ. মিরন ঘ. ঘসেটি বেগম উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৮২; মোহাম্মদি বেগ সিরাজউদ্দৌলার খুনি। মিরনের আদেশে সে সিরাজউদ্দৌলাকে নৃশংসভাবে খুন করে।*

**২৬. উল্লিখিত প্রতিনিধিত্বের কারণ কী?**

ক. বিশ্বাসঘাতকতা খ. অশিক্ষা

গ. অপরিণামদর্শী ঘ. সুচতুর উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৮২: মোহাম্মদি বেগ সিরাজউদ্দৌলার খুনি। মিরনের আদেশে সে সিরাজউদ্দৌলাকে নৃশংসভাবে খুন করে। পৃষ্ঠা ৫৮৬ নবাবের পিতা তাকে নিজ সন্তানের মতো লালন করেন, নবাবের মাতা হৈচৈ করে তার শাদি দেন।*

**২৭. 'ইংরেজদের হয়ে যুদ্ধ করছি কোম্পানির টাকার জন্য। তা বলে বাঙালি কাপুরুষ নয়।' - ওয়ালি খানের এই উক্তিতে কী প্রকাশ পেয়েছে?**

ক. দেশপ্রেম খ. কৃতজ্ঞতা

গ. জাতীয়তাবোধ ঘ. সাহস উত্তর: গ

*ব্যাখ্যা: ক অপশনও উত্তর হতে পারে।*

**২৮. মজিদ জমিলার মধ্যে খোদাভীতি জাগাতে চায় যে কারণে -**

i. জমিলাকে বশ করতে

ii. স্বীয় আধিপত্য বিস্তার করতে

iii. স্রষ্টার সন্তুষ্টির জন্য

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৬; মজিদ চরিত্রের মাঝে লক্ষণীয় বিষয় হলো, সে মানুষের ধর্মবিশ্বাস, ভক্তি-আনুগত্য, ইচ্ছা ও বাসনা নিয়ন্ত্রণ করতে চায়। মহব্বতনগর গ্রামে প্রবেশ করে নিজের প্রতিপত্তি বিস্তার করে মজিদ, যার মাধ্যমে তার বুদ্ধিমত্তার পরিচয় পাওয়া যায়। অল্পবয়সি মেয়েকে দ্বিতীয় বিয়ে করায় তার চরিত্রের লালসার দিকটি স্পষ্ট কিন্তু দ্বিতীয় স্ত্রী জমিলা যখন অবাধ্য হয়ে যায়, তখন মজিদ দিশেহারা হয়ে পড়ে।*

**২৯. 'সে যেন খাঁচায় ধরা পড়েছে।' - কে খাঁচায় ধরা পড়েছে?**

ক. রহিমা খ. জমিলা

গ. আমেনা ঘ. হাসুনির মা উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৯*

**৩০. 'পাথর এবার হঠাৎ নড়ে।' - এখানে 'পাথর' কে?**

ক. মজিদ খ. আমেনা বিবি

গ. রহিমা ঘ. জমিলা উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫৬৬*

*কমন উত্তরগুলো নেওয়া হয়েছে অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ জানুয়ারি ২০২২ থেকে।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...